



তথ্যবিবরণী

নম্বর-০২৪

রাজশাহীতে তথ্য অধিকার বিষয়ে সেমিনার অনুষ্ঠিত

রাজশাহী; ০৭ ভাদ্র (২২ আগস্ট):

আজ (২২ আগস্ট) রাজশাহী আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের (আরপিএটিসি) আয়োজনে প্রতিষ্ঠানটির সম্মেলন কক্ষে 'তথ্য অধিকার' বিষয়ক এক সেমিনার অনুষ্ঠিত হয়। রাজশাহী ও রংপুর বিভাগের বিভিন্ন জেলার সরকারি দপ্তরের নবম ও তদুর্কী থ্রোডের ৫১ জন কর্মকর্তা এ সেমিনারে অংশগ্রহণ করে।

আরপিএটিসি'র উপপরিচালক আ.ত.ম আব্দুল্লাহেল বাকীর সভাপতিত্বে সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন রাজশাহী পিআইডি'র উপপ্রধান তথ্য অফিসার মোঃ তৌহিদুজ্জামান, মুখ্য আলোচক হিসেবে মূল প্রবন্ধের উপর আলোচনা করেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান মোঃ মাহমুদুর রহমান। অপর আলোচক ছিলেন জেলা তথ্য অফিসের উপপরিচালক নাফেয়ালা নাসরীন।

সেমিনারে আন্তর্জাতিক সনদসমূহে তথ্য অধিকার, সুশাসনের জন্য তথ্য অধিকারের গুরুত্ব, তথ্য সংরক্ষণ, তথ্যের ইনডেক্স ও ক্যাটালগ প্রস্তুতকরণ, তথ্য প্রচার এবং আবেদনের প্রেক্ষিতে তথ্য প্রদান বিষয়ে আলোচনা করা হয়।

সেমিনারে অংশগ্রহণকারী কর্মকর্তাগণ ৫টি গ্রুপে বিভক্ত হয়ে দলগত কাজ শেষে দলীয় উপস্থাপনায় অংশগ্রহণ করেন। এসময় উপস্থিত অতিথিবৃন্দ সেমিনারে অংশগ্রহণকারীদের তথ্য অধিকার বিষয়ক বিভিন্ন প্রশ্নের উত্তর দেন।

.....
তৌহিদ/আতিক/আরিফ/আলীম/রুহুল/হালিম/২০২৪/১৭:০০ ঘ.